


বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স, ২৩/১, পান্থপথ লিংক রোড, কারওয়ান বাজার, ঢাকা

সম্মানিত সকল সদস্যের জন্য

বিজ্ঞপ্তি নং : বিজিএ/কাস/২০১০/১৫

তাং ১৬/০২/২০১০ইং

এতদ্বারা সম্মানিত সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রপ্তানী বিল নেগোসিয়েশন ও রপ্তানী বিল কালেকশনের ক্ষেত্রে যেখানে বৈদেশিক মুদ্রা বিনিময়ের মাধ্যমে exchange gain হয় সে ক্ষেত্রে কমিশন বাবদ ৫০০/- টাকার অধিক আদায় করা যাবে না মর্মে বাংলাদেশ ব্যাংক যে বিআরপিডি সার্কুলার নং ০৯ তাং ১৪/০২/২০১০ জারী করে তা আপনাদের প্রয়োজনীয় কার্যক্রমের জন্য নিম্নে হুবহু তুলে ধরা হলোঃ-


(এম. ফারুক রহমান)
মহাসচিব

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ফেব্রুয়ারী ১৪, ২০১০

বিআরপিডি সার্কুলার নং-০৯

তারিখঃ -----

ফাল্গুন ০২, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

Master Circular on Schedule of Charges প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার-১৯ তারিখ ডিসেম্বর ২২, ২০০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের অনুচ্ছেদ ২ এর ১০নং ক্রমিকে রপ্তানী বিল নেগোসিয়েশন ও রপ্তানী বিল কালেকশন কমিশন সর্বোচ্চ ০.১৫% নির্ধারিত হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

ব্যাংকসমূহের সিডিউল অব চার্জেস পর্যালোচনায় লক্ষ্য করা যায় যে, বিভিন্ন ব্যাংক রপ্তানী বিল নেগোসিয়েশন ও কালেকশনের বিষয়ে যেক্ষেত্রে বৈদেশিক মুদ্রা বিনিময়ের মাধ্যমে exchange gain হয় সেক্ষেত্রেও সর্বোচ্চ ০.১৫% আরোপ করছে, যা যৌক্তিক নয়।

এ প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রপ্তানী বিল নেগোসিয়েশন ও রপ্তানী বিল কালেকশনের ক্ষেত্রে যেখানে বৈদেশিক মুদ্রা বিনিময়ের মাধ্যমে exchange gain হয় সেক্ষেত্রে কমিশন বাবদ ৫০০/-টাকার অধিক আদায় করা যাবে না।

উপরোক্ত সার্কুলারে বর্ণিত অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,
স্বাক্ষরিত/-
(আবু হেনা মোহাঃ রাজী হাসান)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১১৭৮২৫